গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোংলা, বাগেরহাট
Mongla.bagerhat.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১৩৪.০০০.৫৫.০০১.২৫- ১১৩ তারিখ :২৫.০২.২০২৫ খ্রি:

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৬ আশ্বিন, ১৪১৮/২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারিকৃত সরকার হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা মোতাবেক বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সালের (১ বৈশাখ হতে ৩০ চৈত্র) এক বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	সিডিউলের মূল্য (অফেরত যোগ্য)	বাংলা ১৪৩২ সনের সম্ভাব্য মূল্য (বিগত ৩ বছরের গড়+ ৬% বৃদ্ধি)
০১.	সুন্দরবন ইউনিয়ন	বাঁশতলা হাট	৫০০/-	১৪,৯৬৯/-
০২.		কচুবনিয়া হাট	৫০০/-	৪,২২৪/-
০৩.		মাদুরপাল্টা হাট	৫০০/-	৯,৮৬৫/-
০৪.		চটের হাট	১,২০০/-	২,১২,১৪১/-
০৫.		দিগরাজ হাট	৫০০/-	৫১৪১/-
০৬.	মিঠাখালী ইউনিয়ন	খানজাহান হাট	১,২০০/-	২,৫৬,৮৭৩/-
০৭.		মিঠাখালী হাট	১,০০০/-	১,২৩,৯০২/-
০৮.		ঘোপের হাট	৫০০/-	৬,২৯৩/-
০৯.		চিলা হাট	১,২০০/-	২,০১,৪৭৯/-
১০.	চিলা ইউনিয়ন	বৈদ্যমারী হাট	১,২০০/-	২,৫৬,১৩৮/-
১১.		জয়মনির হাট	৫০০/-	৫,৩৩০/-
১২.		মালগাজীর হাট	৫০০/-	১,৪৬১/-
১৩.	বুড়িরডাঙ্গা ইউনিয়ন	দিগরাজ হাট-বাজার	৩,৮০০/-	১৫,৮৮,০২৯/-
				২৬,৮৬,৪৮৭/-

শর্তাবলী

০১। বাংলা ১৪৩২ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্র দাতা কর্তৃক দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বরাবরে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত জমাকৃত টাকার ২৫% অর্থ ইজারা গ্রহীতার ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে দপ্তরে সংরক্ষিত থাকবে। উল্লেখ্য যে, দরপত্র দাতা কর্তৃক স্বনামে ক্রয়কৃত ব্যাংক ড্রাফট বা পে অর্ডার দাখিল করতে হবে এবং কোন অবমুক্ত ব্যাংক ড্রাফট বা পে অর্ডার গ্রহণযোগ্য হবে না। কোনক্রমে এর ব্যতিক্রম হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। ইজারাদারকে নিয়মিতভাবে হাটবাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা হাটবাজারের কোন ক্ষতিসাধন করলে উক্ত ৫% জামানত হতে ক্ষতিবাবদ কর্তন করা হবে এবং মেয়াদ শেষে অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে।

০৪। দরপত্র কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষ গ্রহণ করা হবে। যার দর অনুমোদিত হবে তাকে লিখিতভাবে অবগত করানো হবে এবং দরদাতা অবহিত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% ইজারা মূল্য বাবদ সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত সহ ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৫। অনুমোদিত দরদাতাকে ইজারা মূল্যের উপর অতিরিক্ত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ অর্থ ৭ (সাত) দিনের মধ্যে ট্রেজারী চালান মারফত যথাক্রমে ১/১১৩৩/০০০১/০৩১১ এবং ১/১১৪১/০০৫৫/০১১১ খাতে জমা প্রদান করে চালানের মূল কপি অত্রাফিসে দাখিল করতে হবে।

০৬। অনুমোদিত দরদাতা কর্তৃক সংশ্লিষ্ট হাটের ইজারা মূল্য, ভ্যাট ও আয়কর বাবদ সমুদয় অর্থ পরিশোধের পর হাটের দখল হস্তান্তর করা হবে। সমুদয় অর্থ পরিশোধ ব্যতীত কোনক্রমে দখল গ্রহণ করা যাবে না। খামের উপর স্পষ্টভাবে হাটের নাম উল্লেখ করতে হবে।

০৭। দরপত্রে দরদাতাকে উদ্বৃত দরের টাকার পরিমাণ অংকে ও কথায় পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘসামাজা ও স্বা... দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৮। ইজারদারকে সমুদয় অর্থ পরিশোধ করে ০৩ কার্যদিবসের মধ্যে ৩০০/= (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে চুক্তিপত্র সম্পাদন করে হাটের দখল বুঝে নিতে হবে।

০৯। ইজারাদারকে সরকার নির্ধারিত রেট (জেলা প্রশাসন অনুমোদিত) অনুযায়ী বিভিন্ন দ্রব্যের টোল আদায় করতে হবে এবং রেট তালিকা জনসাধারণের জ্ঞাতার্থে হাটবাজারের গুরুত্বপূর্ণ স্থানে টানানোর ব্যবস্থা করতে হবে।

১০। ইজারাদার হাটবাজারের সীমানা বহাল রাখবেন। টোল আদায় ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে হাটবাজার ব্যবহার বা হাটের আকৃতি/প্রকৃতির পরিবর্তন করতে পারবে না।

১১। কর্তৃপক্ষ কর্তৃক গঠিত হাটবাজার ব্যবস্থাপনা কমিটির সঙ্গে ইজারাদার যোগাযোগ রক্ষা করবেন এবং কমিটির এখতিয়ারভুক্ত কোন বিষয়ে দ্বিমত পোষন করতে পারবে না।

১২। ইজারাদার হাটবাজার অন্য কাহারও নিকট পুনঃ ইজারা বা সাব-লিজ দিতে পারবে না। যদি কোন.অনিয়ম কার্যকলাপ বা চুক্তি লংঘন ধরা পড়ে তবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদার দন্ডণীয় হবেন।

১৩। কর্তৃপক্ষ যে কোন কারণে দরপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বন্দোবস্ত প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

দরপত্র (সিডিউল) প্রাপ্তি এবং দাখিলের স্থান ও তারিখ :

দরপত্র সিডিউল প্রাপ্তির স্থানসমূহ : জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বাগেরহাট, সহকারী কমিশনার (ভূমি), মোংলা, অফিসার ইন চার্জ, মোংলা থানা, সোনালী ব্যাংক লি:, মোংলা শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সিডিউল ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখে দুপুর ৩.০০টা পর্যন্ত জেলা প্রশাসক, বাগেরহাট, সহকারী কমিশনার(ভূমি), মোংলা, অফিসার ইন চার্জ, মোংলা থানা, সোনালী ব্যাংক পিএলসি:, মোংলা শাখা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা, বাগেরহাট (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) হতে সিডিউল পাওয়া যাবে। উল্লেখ্য, দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

দরপত্র সিডিউল দাখিলের স্থানসমূহ : জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মোংলা, অফিসার ইন চার্জ, মোংলা থানা, মোংলা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা এ রক্ষিত সিডিউল বাক্সে দাখিল করা যাবে। হাট-বাজার ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী জানার জন্য আগ্রহী দরদাতাকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা, বাগেরহাট-এ সরাসরি যোগাযোগ/ mongla..bagerhat.gov.bd ওয়েব সাইট ভিজিট করতে অনুরোধ জানানো যাচ্ছে।

দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময় :

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়		দরপত্র খোলার সময়
			হতে	পর্যন্ত	
১ম	১২.০৩.২০২৫ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৩.০৩.২০২৫	সকাল ১০.০০ টা	বেলা ১.০০ টা	বেলা ৩.০০ টা
২য়	২৫.০৩.২০২৫ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৭.০৩.২০২৫	সকাল ১০.০০ টা	বেলা ১.০০ টা	বেলা ৩.০০ টা
৩য়	০৯.০৪.২০২৫ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১০.০৪.২০২৫	সকাল ১০.০০ টা	বেলা ১.০০ টা	বেলা ৩.০০ টা

১ম পর্যায় দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ের তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। ২য় পর্যায় দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ের তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং ৩য় পর্যায় দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ের তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে।

২৫/০২/২৫

(শারমিন আক্তার সুমী)
উপজেলা নির্বাহী অফিসার
মোংলা, বাগেরহাট।
ই-মেইল unomongla@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১৩৪.০০০.৫৫.০০১.২৫- ২১৬ /১(১০০) তারিখ ঃ ২৫.০২.২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো ঃ-

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।

০২। পুলিশ সুপার, বাগেরহাট।

০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট। সদয় অবগতি ও এই সাথে ১০ খানা দরপত্র ফরম প্রেরণ করা হলো।

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব) বাগেরহাট।

০৬। উপজেলা নির্বাহী অফিসার .... (সকল) বাগেরহাট।

০৭। সহকারী কমিশনার (ভূমি), মোংলা-(দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র বক্স স্থাপনের অনুরোধ সহ)।

০৮। অফিসার-ইন-চার্জ, মোংলা থানা। (দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র বক্স স্থাপন ও প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের জন্য অনুরোধ সহ)।

০৯। উপজেলা .... অফিসার, মোংলা, বাগেরহাট।

১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি,মোংলা শাখা-(দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র বক্স স্থাপনের অনুরোধ সহ)।

১১। ইউনিয়ন পরিষদ প্রশাসক/চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তা .... (সকল) মোংলা, বাগেরহাট। অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, হলদিবুনিয়া/দত্তরমেঠ/মোংলা সদর, মোংলা, বাগেরহাট। (হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি তার এলাকাধীন হাট-বাজারসমূহে মাইক/ঢোল-সহরতের মাধ্যমে প্রচার করতঃ দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বে একটি জারী প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো)।

১৩। সম্পাদক, দৈনিক সুন্দরবন, মোংলা এবং সম্পাদক, দৈনিক যুগান্তর, ঢাকা। (বর্ণিত হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচারিত পত্রিকায় ১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করা হবে।

১৪। জনাব মো: বাবুল লাহ্মী ইজারাদার বৈদ্যমারী মোংলা, বাগেরহাট।

১৫। নোটিশ বোর্ড।

২৫/০২/২৫

উপজেলা নির্বাহী অফিসার
মোংলা, বাগেরহাট।
ন নং-০৪৬৫৩-৫৬২২২
ই-মেইল unomongla@mopa.gov.bd